



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৫৩৬

তারিখঃ ১০/১০/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৪৮ তম কমিশন সভা অদ্য ১০/১০/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

1. Golden Harvest Agro Industries Limited এর ১০ টাকা মূল্যমানের ৩ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১৫ টাকা প্রিমিয়ামসহ ২৫ টাকায় ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৭৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করবে। ৩০শে জুন ২০১১ সনে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Golden Harvest Agro Industries Limited এর শেয়ার প্রতি আয় ৪.৭২ টাকা এবং নীট সম্পদ মূল্য (NAV) ২৫.৫৩ টাকা। উল্লেখ্য, Golden Harvest Agro Industries Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited এবং Royal Green Capital Market Limited।
2. Bengal Windsor Thermoplastic Limited এর ১০ টাকা মূল্যমানের ১.৬০ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১৫ টাকা প্রিমিয়ামসহ ২৫ টাকায় ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৪০ কোটি টাকা পুঁজি উত্তোলন করবে। ৩০শে জুন ২০১১ সনে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Bengal Windsor Thermoplastic Limited এর শেয়ার প্রতি আয় ৩.৬২ টাকা এবং নীট সম্পদ মূল্য (NAV) ১৯.৪৫ টাকা। উল্লেখ্য, Bengal Windsor Thermoplastic Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited।
3. সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করার জন্য সভায় PFI Securities Limited (DSE Membership No. 79) কে কমিশন সতর্ক পত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
4. ইতোপূর্বে কমিশন Envoy Textiles Limited কে প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যে ৩০ টাকায় (প্রতিটি ২০ টাকা প্রিমিয়ামসহ) ৩ কোটি সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে ৯০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য অনুমোদন প্রদান করে। পরবর্তীতে Envoy Textiles Limited এর আবেদনের প্রেক্ষিতে ইতোপূর্বে কমিশন তাদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ স্থগিত ঘোষণা করেছিল। আজকের সভায় কমিশন Envoy Textiles Limited এর আবেদনের প্রেক্ষিতে তাঁদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ ১৬.১০.২০১২ থেকে ২২.১০.২০১২ ইং নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
5. ইতোপূর্বে Summit Purbanchal Power Company Limited এর আবেদনের প্রেক্ষিতে কমিশন তাদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ স্থগিত ঘোষণা করেছিল। পরবর্তীতে Summit Purbanchal Power Company Limited সার্বিক পুঁজিবাজার এর অবস্থা বিবেচনায় তাদের শেয়ার প্রতি মূল্য ৪৫ (ইস্যু মূল্য টাঃ ১০ + প্রিমিয়াম টাঃ ৩৫) টাকা থেকে ৪০ (ইস্যু মূল্য টাঃ ১০ + প্রিমিয়াম টাঃ ৩০ টাকা) টাকা নির্ধারণ করে নতুন চাঁদা গ্রহণের তারিখ ১১/১১/২০১২ থেকে ১৫/১১/২০১২ পর্যন্ত নির্ধারণ করে কমিশনে আবেদন করে যা কমিশন আজকের সভায় অনুমোদন করেছে।
6. ইতোপূর্বে Argon Denims Limited এর আবেদনের প্রেক্ষিতে কমিশন তাঁদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ স্থগিত ঘোষণা করেছিল। পরবর্তীতে Argon Denims Limited সার্বিক পুঁজিবাজার এর অবস্থা বিবেচনায় তাদের শেয়ার প্রতি মূল্য ৪৪ (ইস্যু মূল্য টাঃ ১০ + প্রিমিয়াম টাঃ ৩৪) টাকা থেকে ৩৫ (ইস্যু মূল্য টাঃ ১০ + প্রিমিয়াম টাঃ ২৫) টাকা নির্ধারণ করে নতুন চাঁদা গ্রহণের তারিখ ১৮/১১/২০১২ থেকে ২২/১১/২০১২ইং পর্যন্ত নির্ধারণ করে কমিশনে আবেদন করে যা কমিশন আজকের সভায় অনুমোদন করেছে।
7. সভায় Bank Asia Limited এর আবেদনের প্রেক্ষিতে ১১০ কোটি টাকার Subordinated Non-Convertible Zero Coupon Bond এর মূলধন উত্তোলন (Capital Raising) এর সময় ৪৫ কর্মদিবস বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
8. এছাড়াও কমিশন আজকের সভায় Renata Limited এর ১০০ কোটি টাকার Unsecured, non convertible, subordinated bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ২ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Unsecured, non convertible, subordinated bond, কুপন হার হচ্ছে বার্ষিক ১২%। বিভিন্ন ব্যাংক ও নন ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়াল ফান্ড, এসেট ম্যানেজমেন্ট কোম্পানী, মার্চেন্ট ব্যাংক ইত্যাদি প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবে। উল্লেখ্য এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Renata Limited ব্যবসা সম্প্রসারণে ব্যয় করবে। Renata Limited, Unsecured, non convertible, subordinated bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ কোটি টাকা। এই বন্ডের লিড এরেঞ্জার হিসেবে দায়িত্ব পালন করছে RACE Portfolio & Issue Management Limited।
9. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর উপর প্রাপ্ত জনমত জরীপ যাচাই বাছাই শেষে কিছু পরিবর্তন সাপেক্ষে অদ্যকার সভায় অনুমোদন প্রদান করা হয়, যা গেজেট নোটিফিকেশন জারীর জন্য বিজি প্রেসে প্রেরণ করা হবে।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র